দৈনিক ইনকিলাব

তারিখ ... 14 JAN 2010 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ২০১০ সাল থেকেই অভিন্ন প্রশ্নপত্রে অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষা

স্টাফ রিপোর্টার

সরকার পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষা সফলভাবে সম্পন্ন করার পর এবার অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষা গ্রহণের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। চলতি ২০১০ সাল থেকে অষ্টম শ্রেণীর বার্ষিক পরীক্ষা ও বৃত্তি পরীক্ষা একীভূত করে সারা দেশে অভিন্ন প্রশ্নপত্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করেছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, অভিন্ন প্রশ্নপত্রে অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষা পৃঃ ৫ কঃ ৮

## ২০১০ সাল থেকেই

প্রথম পৃষ্ঠার পর

পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নোমান-উর রশীদকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্য হলেন, আটটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, এসইএসডিপি ও সেকায়েপ প্রকল্পের প্রকল্প পরিচালক, শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি থাকবেন। কমিটি প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।